হোয়াটসঅ্যাপের নতুন চ্যাট লক সুবিধা

চ্যাট লক নামে নিরাপত্তাসুবিধা চালু করল অনলাইনে ফোনকল করার ও বার্তা পাঠানোর অ্যাপ হোয়াটসঅ্যাপ। হোয়াটসঅ্যাপের চ্যাটে থাকা সংবেদনশীল তথ্য সুরক্ষার জন্য এ লক–সুবিধা ব্যবহার করতে পারবেন ব্যবহারকারী।

ব্যবহারকারীরা পাসওয়ার্ড ব্যবহার করে চ্যাট লক করার সুবিধা পাবেন। ফলে ব্যবহারকারী ছাড়া অন্য কেউ সেই চ্যাটবক্সে প্রবেশ করতে পারবেন না। এমনকি লক করা চ্যাট আলাদা ফোল্ডারেও সুরক্ষিত করে রাখা যাবে। যে চ্যাট লক করা থাকবে, সেই চ্যাটের প্রেরকের নাম ও বার্তা দেখা যাবে। পাসওয়ার্ড ছাড়াও আঙুলের ছাপ ও চেহারা শণাক্ত করে চ্যাট লক করা যাবে। চ্যাট লক করা থাকলে সেসব চ্যাটের নোটিফিকেশনও দেখা যাবে না।

এন্ড টু এন্ড এনক্রিপশন, দুই স্তরের নিরাপত্তাসুবিধা, আঙুলের ছাপ ব্যবহার করায় সুরক্ষার জন্য সুপরিচিত হোয়াটসঅ্যাপ। নতুন চ্যাট লক সুবিধাটি ব্যবহারকারীদের বাড়তি নিরাপত্তাসুবিধা যোগ করবে। এক ব্লগে নতুন এই নিরাপত্তাসুবিধা আনার ঘোষণা দিয়েছে মেটার মালিকানাধীন প্রতিষ্ঠানটি। ব্লগে বলা হয়, ব্যবহারকারীর বার্তা সুরক্ষিত ও ব্যক্তিগত রাখতে আমরা বিভিন্ন উপায় অনুসন্ধানে ঐকান্তিকভাবে কাজ করি। আমরা চ্যাট লক নামে নতুন একটি সুবিধা আনলাম। এ সুবিধাটি আপনার কথোপকথনকে বাড়তি নিরাপত্তাসুবিধা দেবে।

বিবৃতিতে বলা হয়, যাঁদের ফোন বিভিন্ন কারণে পরিবারের সদস্য বা অন্যরা প্রায়ই ব্যবহার করেন, তাঁদের জন্য এটি দারুণ একটি সুবিধা হবে। এ ছাড়া অন্য কারও হাতে ফোন থাকা অবস্থায় ব্যক্তিগত হোয়াটসঅ্যাপ বার্তা এলে সেটিও সুরক্ষিত থাকবে।
সূত্র: গ্যাজেটস নাউ

টিকটক নতুন গান খোঁজার সুবিধা আনল

নিজেদের অ্যাপে গান খোঁজার নতুন সুবিধা চালুর ঘোষণা দিয়েছে ভিডিওভিত্তিক সামাজিক যোগাযোগমাধ্যম টিকটক। অ্যাপটির সার্চ বারে ‘নিউ মিউজিক’ লেখার পর অনুসন্ধান বা সার্চ করলে গান খোঁজার একটি হাব অথবা হ্যাশট্যাগ দেখতে পাবেন ব্যবহারকারী। সেখান থেকে নতুন গান এবং নতুন শিল্পী খুঁজে পাওয়া যাবে।

নতুন গানের অনুসন্ধানে ব্যবহারকারীদের ভিন্ন অভিজ্ঞতা দিতে এ সুবিধা চালু করেছে টিকটক। মার্কিন রক ব্যান্ড জোনাস ব্রাদার্স এবং গায়ক মিগুয়েলের মতো বড় তারকা এ উদ্যোগে যুক্ত হয়েছেন।

টিকটক বলছে, নতুন এ সুবিধা চালুর আগেই ইতিমধ্যে অ্যাপটিতে নিউ মিউজিক হ্যাশট্যাগের ১ হাজার ৮০০ কোটি (১৮ বিলিয়ন) ভিউ হয়েছে। এর আগে অনেক শিল্পী তাঁদের গান প্রচার করতে এবং দর্শকদের কাছে পৌঁছাতে টিকটকের মিউজিকলি অ্যাপ ব্যবহার করতেন। মিউজিকলি দিয়ে ব্যবহারকারীরা ভিডিও তৈরি করার সুযোগ পেতেন। যেখানে বিভিন্ন গানের সুরে ঠোঁট মেলানো যায়। টিকটকের মূল প্রতিষ্ঠান বাইটড্যান্স মিউজিকলি অধিগ্রহণ করার পর এটি টিকটক অ্যাপে অন্তর্ভুক্ত করা হয়।

টিকটকের মিউজিক অপারেশনের গ্লোবাল হেড পল হোরিকান একটি বিবৃতিতে বলেছেন, ‘আমরা নিউ মিউজিক হাব চালু করতে পেরে উচ্ছ্বসিত। এটি গান খোঁজার একটি বৈশ্বিক হাব। যেখানে বিশ্বের জনপ্রিয় তারকা, সুপারস্টার থেকে শুরু করে উদীয়মান গায়ক—সব ঘরানার শিল্পীরাই নিজেদের তুলে ধরতে পারবেন এবং তাঁদের গান নিয়ে উদ্যাপন করতে পারবেন।’

সূত্র: টেকক্রাঞ্চ

অ্যান্ড্রয়েড ১৪তম সংস্করণে রয়েছে যেসব চমক

দেখতে দেখতে অ্যান্ড্রয়েড তাদের ১৪তম সংস্করণটিও নিয়ে এলো। আপাতত এটি বেটা ভার্সনে আছে। তবে নতুন সংস্করণে যা ফিচার যুক্ত হয়েছে তা অ্যান্ড্রয়েডের পুরো অভিজ্ঞতাই বদলে দিবে৷ নতুন ফিচারগুলো হচ্ছে

চলে এসেছে পাসকি,
গুগলে এখন আর ঘন ঘন পাসওয়ার্ড দিতে হবে না। গুগল চালু করেছে পাসকি। এই পাসকির মাধ্যমে একাধিক একাউন্টের পাসওয়ার্ড মনে না রেখে সহজেই পাসকি ব্যবহারে আনলক করতে পারবেন।

ক্যামেরা ফ্ল্যাশ নোটিফিকেশন এবং লং ভলিউম অ্যালার্ট, নোটিফিকেশন এলইডি নেই তো কি হয়েছে? এবার ফ্ল্যাশের মাধ্যমেই আপনি চিহ্নায়ক পাবেন।

ডাটা ব্রোকার আর নয়,
প্রতিটি অ্যাপই আপনার ডাটা সংগ্রহ করে বিক্রি করে। এটি পুরনো কথা। তবে এবার গুগল প্রতি মাসে আপনাকে জানিয়ে দেবে কোন অ্যাপ ডাটা সংগ্রহের পদ্ধতিতে বদল এনেছে। এভাবে আপনি ডাটা চুরির বিষয়েও পদক্ষেপ নিতে পারবেন।

আর্জেন্ট স্প্যাম নোটিফিকেশন আর নয়,
ঘন ঘন আর্জেন্ট নোটিফিকেশন আসে৷ কিন্তু সেটা আসলে স্প্যাম। প্রচুর বিরক্তিকর এই ফিচারটি বন্দ করার সুবিধা এবার এলো।

লকস্ক্রিন কাস্টোমাইজেশন,
পুরনো ঘড়ির ঢং বা লকস্ক্রিনে একই চেহারা দেখে বিরক্ত? এবার আপনি সবকিছুতেই নানা কাস্টোমাইজেশন করতে পারবেন।

ফাইল ট্রান্সফার আরও সহজ,
গুগলে এখন ফাইল ট্রান্সফার আগের থেকে আরও সহজ ও দ্রুত। অ্যান্ড্রয়েড ১৪ এর বিল্ট ইন এপিআই আপনাকে সাহায্য করবে।

কিবোর্ড, স্টাইলাস এবং টাচপ্যাডে পরিবর্তন,
কিবোর্ড, স্টাইলাস এবং টাচপ্যাডে অনেক বড় পরিবর্তন আনছে

অ্যান্ড্রয়েড। ফলে স্ক্রলিং ও টাইপিং অভিজ্ঞতা হবে আরও ভালো।

টেক্সট এখন আরও বড়,
অ্যান্ড্রয়েড এর টেক্সট এখন আরও বড় হবে। টেক্সট পড়তে যাদের অসুবিধা হয় তারা নিশ্চিন্তে ছোটবড় করে নিতে পারবেন।

এইচডিআর ছবির চমক,
নতুন অ্যান্ড্রয়েডে ভিন্ন ধরনের জেপিইজি তোলা যাবে। তবে পুরনো ফোনেও তা ব্যবহার করা যাবে। কিন্তু এই ছবিগুলো হবে আগের তুলনায় ভালো এবং ডিটেইলের দিকে কোনো ঘাটতি থাকবে না।

টুইটারের নতুন সিইও লিন্ডা ইয়াকারিনো

এতদিন শুধু গুজন শোনা গেছে। ইলন মাস্ক এনবিসিইউ এর নেতৃত্বদানকারী ব্যক্তিত্ব লিন্ডা ইউকারিনোকে টুইটারের পরবর্তী সিইও হিসেবে নিয়োগ দেওয়ার চিন্তা করছেন। এবার তা সত্য হলো। মাস্ক একটি ইউটিউব টুইটে এর সত্যতা এক টুইটের মাধ্যমে জানিয়েছেন।

এর আগে লিন্ডা এক টুইটে জানিয়েছেন তিনি এনবিসিইউ এর চেয়ারম্যান অব গ্লোবাল এডভারটাইজিং অ্যান্ড পার্টনারশিপের পদটি ছেড়ে দিচ্ছেন। টুইটারে একজন খ্যাতনামা এডভারটাইজিং বিশেষজ্ঞ নিয়োগ দেওয়ার পদক্ষেপটি ইতোমধ্যে প্রশংসিত হয়েছে। কারণ বিগত কয়েক মাস ধরেই টুইটারে নেতৃত্ব সংকট দেখা দিয়েছিল। মাস্ক আপাতত চেয়ারম্যান এবং সিটিওর দায়িত্ব পালন করবেন।

সূত্র: ইত্তেফাক

গুগল হোমের নতুন আপডেট

আপডেট না বলে বলতে হবে রিভ্যাম্প। পুরোপুরি বদলে গেছে গুগল হোম। স্মার্ট হোম কন্ট্রোলার অ্যাপ জনপ্রিয় একটি অ্যাপ। আর জনপ্রিয়তার কথা ভেবেই অ্যাপটিকে নতুন অনেক কিছুই যুক্ত করা হয়েছে।

নতুনভাবে ফেভারিট ট্যাব, উন্নত ক্যামেরা ইন্টারফেস, এক ডজন নতুন ডিভাইসের সাপোর্ট এবং কন্ট্রোল অ্যাপটির আবেদন আরও বাড়িয়েছে। এখন আইফোনেই গুগল হোম দিয়ে ম্যাটার ডিভাইস সেটাপ করা যাবে অবশ্য গুগল এখনই নেস্ট ক্যামেরা এবং এর নতুন অ্যাপ এখানে যুক্ত করেনি। একমাত্র প্রথম জেনারেশনের নেস্ট ক্যাম ইনডোর ও নেস্ট ক্যাম আউটডোর এই সুবিধা পাবে। গুগল তাদের হোম অ্যাপে আরও অনেক বড় সুবিধা আনছে বলে জানিয়েছে।

ক্যামেরা নোটিফিকেশনের অ্যানিমেটেড প্রিভিউ, অন রিস্ট কন্ট্রোল এবং ফেভারিট ট্যাবে অ্যাক্সেস আরও ভালো করা হবে। আপাতত এটি স্মার্টফোনে দেওয়া হচ্ছে। ট্যাবের জন্য করা আপডেট আসবে জুনে। নতুন পিক্সেল ট্যাবলেটে নতুন হাব মোড চালু করা হয়েছে। এই মোড দিয়ে তালা, ক্যামেরা এবং থার্মোস্ট্যাট নিয়ন্ত্রণ করা যাবে।

সূত্র: ইত্তেফাক

গুগল ফটোজের এডিটিং ফিচারে আসছে বড় পরিবর্তন

বড় স্ক্রিন অর্থাৎ ট্যাবলেটে গুগল ফটোজের ইন্টারফেজে আসছে বড় ধরনের পরিবর্তন। আপাতত ট্যাবলেট কিংবা ল্যান্ডস্কেপে এখন অ্যাপটি ব্যবহার করা হলে শুধু বাড়তি অংশই দেখা যায়। তাতে এডিংটিং-এর কোনো সুবিধা হয় না।

সম্প্রতি গুগল নিউজ টেলিগ্রাম চ্যানেল এডিটর কয়েকটি স্ক্রিনশট ও

ছবি প্রকাশ করেছে। সেখানে ট্যাবলেট ও বড় স্ক্রিনের স্ক্রিনশট সহজেই চোখে পড়বে। এই স্ক্রিনশটগুলো মূলত ট্যাবলেটে গুগল ফটোজের আপডেট। পুরো ইন্টারফেসেই বদল আনা হয়েছে।

নতুন ইন্টারফেসে এডিটিং এর রসদ স্ক্রিনের পাশে থাকবে। এই মুহূর্তে এডিটিং এর সবকিছু নিচের দিকে আছে। এমনিতে ইন্টারফেস বাদে নতুন কোনো কিছুই যুক্ত হয়নি। গুগল ফটোজের এডিটিং টুলের মধ্যে এনহ্যান্স, ক্রপ, ম্যাজিক ইরেজার, কালার এডজাস্টমেন্ট ব্যাপক জনপ্রিয়। কিন্তু ট্যাবলেটে এতদিন এডিটিং করা বেশ কঠিন ছিল। সেজন্যই নতুন আপডেটটি আনা হয়েছে।

সূত্র: ইত্তেফাক

ফেসবুক রিলস ও স্টোরিজে এআর বিজ্ঞাপন দেখাবে মেটা

আকারে ছোট ভিডিও পোস্ট করার সুযোগ থাকায় ফেসবুকে বেশ জনপ্রিয়তা পেয়েছে ফেসবুকের রিলস ও স্টোরিজ–সুবিধা। আর তাই এবার রিলস ও স্টোরিজ বিভাগে অগমেন্টেড রিয়েলিটি (এআর) প্রযুক্তির বিজ্ঞাপন দেখানোর পরিকল্পনা করেছে ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা। নতুন এ সুবিধা কাজে লাগিয়ে বিভিন্ন প্রতিষ্ঠান রিলস ও স্টোরিজ বিভাগে নিজেদের পণ্যের অগমেন্টেড রিয়েলিটি বিজ্ঞাপন প্রচার করতে পারবেন। ফলে ব্যবহারকারীরা ভার্চ্যুয়ালি সেগুলো পরখ করার সুযোগ পাবেন।

সম্প্রতি অগমেন্টেড রিয়েলিটি প্রযুক্তির মাধ্যমে পণ্য কেনাবেচার সুযোগ দিতে ‘শপিং স্যুট’ লেন্স চালু করেছে স্ন্যাপচ্যাট। এ সুবিধা চালুর ফলে ইনস্ট্যান্ট ম্যাসেজিং অ্যাপটিতে বিভিন্ন প্রতিষ্ঠান অগমেন্টেড রিয়েলিটি প্রযুক্তিনির্ভর ভার্চ্যুয়াল দোকান খুলে পণ্য বিক্রি করতে পারেন। আর তাই স্ন্যাপচ্যাটের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতেই ফেসবুক রিলস ও স্টোরিজে অগমেন্টেড রিয়েলিটি বিজ্ঞাপন দেখানোর উদ্যোগ নিয়েছে মেটা।

মেটার তথ্যমতে, ফেসবুক রিলসে নতুন প্রযুক্তির বিজ্ঞাপন–সুবিধা চালুর জন্য কাজ চলছে। এর মাধ্যমে তরুণ প্রজন্মের ব্যবহারকারীদের কাছে বর্তমানের তুলনায় আরও ভালোভাবে নিজেদের পণ্যের প্রচারণা চালানো যাবে। বিজ্ঞাপনদাতাদের সুবিধার্থে পরীক্ষামূলকভাবে কল টু অ্যাকশন নামের একটি বাটনও তৈরি করা হয়েছে। বাটনটিতে সহজেই বিজ্ঞাপনের থাম্বনেইল, শিরোনাম, পণ্যের বিবরণ এবং ওয়েবসাইটের লিংক যুক্ত করা যাবে।

আনুষ্ঠানিকভাবে চালুর আগেই ফেসবুক রিলসের জন্য অগমেন্টেড রিয়েলিটি বিজ্ঞাপন তৈরি করেছে ফ্রান্সভিত্তিক বহুজাতিক খুচরা বিক্রেতা প্রতিষ্ঠান সেফোরা। প্রতিষ্ঠানটির তৈরি অগমেন্টেড রিয়েলিটি বিজ্ঞাপন থেকে সহজেই ভার্চ্যুয়ালি পণ্য বাছাই করে পণ্য কেনাকাটা করা যাচ্ছে।
সূত্র: টেক ক্রাঞ্চ

সাবধান, ফেসবুকের মাধ্যমে ম্যালওয়্যার আক্রমণ চালাচ্ছে হ্যাকাররা

তারকা, জনপ্রিয় ব্যক্তি বা প্রতিষ্ঠানের ফেসবুক পেজের পাশে নীল রঙের টিক চিহ্ন দেখা যায়। তবে চাইলেই সবাই নিজেদের ফেসবুক পেজের পাশে নীল রঙের টিকচিহ্ন ব্যবহার করতে পারেন না। কারণ, ব্যবহারকারীর পরিচয় যাচাই করে নির্দিষ্ট পেজে নীল টিকযুক্ত ভেরিফায়েড ব্যাজ যুক্ত করে থাকে ফেসবুক। ফলে সবাই বুঝতে পারে পেজটি আসল। বিষয়টি মাথায় রেখে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের ভেরিফায়েড ফেসবুক পেজ হ্যাক করে ম্যালওয়্যার আক্রমণ চালাচ্ছে একদল হ্যাকার।

ম্যালওয়্যার আক্রমণের জন্য প্রথমেই জনপ্রিয় ব্যক্তি বা প্রতিষ্ঠানের ভেরিফায়েড ফেসবুক পেজ হ্যাক করেন হ্যাকাররা। এরপর পেজটিতে নিয়মিত আকর্ষণীয় বিজ্ঞাপন প্রদর্শন করেন তাঁরা। বিজ্ঞাপনগুলোয় ক্লিক করলেই ব্যবহারকারীদের ফোন বা কম্পিউটারে

ম্যালওয়্যার প্রবেশ করে। এরপর গোপনে তথ্য চুরি করে সেগুলো নির্দিষ্ট ঠিকানায় পাঠিয়ে দেয় ক্ষতিকর ম্যালওয়্যারটি।

ভেরিফায়েড ফেসবুক পেজের মাধ্যমে ম্যালওয়্যার আক্রমণ চালানোর ঘটনা শনাক্ত করেছেন যুক্তরাজ্যের সামাজিক যোগাযোগমাধ্যমবিষয়ক পরামর্শক ম্যাট নাভারনা। তিনি জানিয়েছেন, ভেরিফায়েড ফেসবুক পেজ হ্যাক করে ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটার আদলে ‘মেটা অ্যাড’ বা ‘মেটা অ্যাডস ম্যানেজার’ শিরোনামে বিজ্ঞাপন প্রদর্শন করে ম্যালওয়্যার আক্রমণ চালাচ্ছেন হ্যাকাররা।

বিজ্ঞাপনগুলোতে চ্যাটজিপিটিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের তৈরি কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবট ডাউনলোডের প্রলোভন দেখানো হয়। জনপ্রিয় ব্যক্তি বা প্রতিষ্ঠানের ভেরিফায়েড ফেসবুক পেজে বিজ্ঞাপনগুলো দেখা যাওয়ায় অনেকেই নিশ্চিন্তে সেগুলোয় ক্লিক করেন। ফলে ফেসবুক ব্যবহারকারীদের ফোন বা কম্পিউটারে দ্রুত ছড়িয়ে পড়ছে ম্যালওয়্যারটি।
সূত্র: গ্যাজেটস নাও

অ্যামাজনে এলো টিকটকের মতো শপিং ফিড

অধিকাংশ ক্রেতাই এখন স্মার্টফোনে ক্রয় করেন৷ তাই অনলাইন প্লাটফর্ম সবসময় শপিং ফিড ভালো করার চেষ্টা করে। সামাজিক যোগাযোগমাধ্যম দ্বারা অনুপ্রাণিত হলে যে অনলাইন প্লাটফর্ম চমকে দিতে পারে তার নজির গড়লো অ্যামাজন। অ্যামাজন মার্কিন ব্যবহারকারীদের জন্য এমন একটি শপিং ফিড চালু করেছে যা দেখতে অনেকটা টিকটকের মতো। আপাতত এই সুবিধা যুক্তরাষ্ট্রের ব্যবহারকারীরা পাচ্ছেন।

গেল বছরের ডিসেম্বরেই টিকটকের মতো একটি শপিং ফিড নিয়ে অ্যামাজন পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে যাচ্ছিল। এবার তারা বাস্তবেই এমন সুবিধা চালু করলো। নতুন ফিডে শর্ট ভিডিও ও ছবি থাকায় এখন সহজেই ক্রেতারা কোনো পণ্য দেখতে পারবে। এমনকি ওই পণ্যের সঙ্গে

সংযুক্ত ইনফ্লুয়েন্সার ভিডিও, ক্রেতার রিভিউ ও অন্যান্য ডিটেইলও পাওয়া যাবে সহজে।

যারা নতুন গ্রাহক তাদের অ্যাপের মাধ্যমে সাইন ইন করতে হবে। তারপর সেখানে ‘লাইট বাল্ব’ নামক একটি অপশনে ক্লিক করলে ২০ টি ক্যাটাগরি তাকে সাজেস্ট করা হবে। ওই অপশন থেকে আপনি ওই ক্যাটাগরি বাছাই করবেন যেগুলো থেকে পণ্য কিনবেন৷ ফিডে কোনো পণ্যের বিবরণ জানার জন্য এখন আর পোস্টে ঢুকতে হবে না। ওই পণ্যে দুটো ট্যাপ করলেই হবে। এমনকি স্ক্রলিং এখন আরও সহজ।

ইনফ্লুয়েন্সাররাও এখন সহজেই কন্টেন্ট আপলোড করতে পারবেন। ফলে অ্যামাজন এখন পণ্যকে ঘিরে একটি বড় সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিণত হতেই পারে। সামাজিক যোগাযোগমাধ্যমকে অনুকরণ এই প্রথম করা হচ্ছে না। অ্যামাজনের শপিং ডিরেক্টর অলিভার ইমেইলে জানান, অ্যামাজন পণ্য নিয়ে কাজ করে। এই কাজটি আকর্ষণীয় করতেই এমন উদ্যোগ। পণ্যকে ভালোভাবে বিপণনের জন্য ক্রেতাদের এখানে যুক্ত করার জন্য তারা সবসময় কাজ করে থাকে।

সূত্র: ইত্তেফাক

মেসেঞ্জারে মুছে ফেলা বার্তা উদ্ধারের ৪ পদ্ধতি

অপ্রয়োজনীয় বার্তা মুছে ফেলার সময় মনের ভুলে গুরুত্বপূর্ণ বার্তাও মুছে ফেলেন অনেকেই। ফলে মাঝেমধ্যে বেশ সমস্যার মুখোমুখি হতে হয়। তবে মেসেঞ্জারে চাইলেই বেশ কিছু পদ্ধতি কাজে লাগিয়ে মুছে ফেলা বার্তা উদ্ধার করা যায়। মেসেঞ্জারে মুছে ফেলা বার্তা উদ্ধারের পদ্ধতিগুলো দেখে নেওয়া যাক

আর্কাইভ
অনেক সময় মেসেঞ্জারে মুছে ফেলা বার্তা আর্কাইভ অপশনে সংরক্ষণ করা হয়। ফলে মেসেঞ্জারের চ্যাট ইতিহাসে বার্তাটি খুঁজে পাওয়া যায় না। আর্কাইভ অপশন থেকে বার্তা ফেরত আনা না গেলেও পড়া যায়।

মেসেঞ্জারের চ্যাটস বিভাগের নিচে থাকা সার্চ বারে যে ব্যক্তিকে বার্তা পাঠিয়েছিলেন, তাঁর নাম লিখে সার্চ করলেই সেই ব্যক্তির সঙ্গে আদান-প্রদান করা সব বার্তা দেখা যাবে।

অ্যান্ড্রয়েড ফাইল ম্যানেজার ব্যবহার
মুছে ফেলা বার্তা অনেক সময় মেসেঞ্জার অ্যাপের ক্যাশ মেমোরিতে জমা থাকে। তাই অ্যান্ড্রয়েড ফাইল ম্যানেজার অ্যাপ কাজে লাগিয়ে মেসেঞ্জারের পুরোনো বার্তাগুলো সহজেই উদ্ধার করা যায়।

ফেসবুক ইনফরমেশন ডাউনলোড
ফেসবুক ইনফরমেশন অপশন কাজে লাগিয়েও মেসেঞ্জারে মুছে ফেলা বার্তা উদ্ধার করা যায়। এ জন্য ফেসবুকের সেটিংস অ্যান্ড প্রাইভেসি অপশনে ক্লিক করে প্রাইভেসি নির্বাচন করতে হবে। এরপর ইউর ফেসবুক ইনফরমেশন অপশনে ক্লিক করে ডানদিকে থাকা ডাউনলোড প্রোফাইল ইনফরমেশন নির্বাচন করতে হবে। এবার যে তারিখের তথ্য উদ্ধার করতে চান সেই তারিখ নির্ধারণ করে কোন ধরনের তথ্য জানতে চান তা নির্বাচনের পর স্টার্ট ইউর ডাউনলোড অপশন থেকে রিকোয়েস্ট আ ডাউনলোড ক্লিক করতে হবে। এরপর সেই পেজেই ওপরে থাকা অ্যাভেইলেবল ফাইলস অপশনে ক্লিক করলেই পুরোনো বার্তাগুলো দেখা যাবে।

প্রাপকের কাছ থেকে সংগ্রহ
মেসেঞ্জারে বার্তা মুছে ফেললেও সেগুলো প্রাপকের কাছ থেকে মুছে যায় না। ফলে নির্দিষ্ট দিনক্ষণ বলে দিলে প্রাপক সহজেই আপনার পাঠানো বার্তা খুঁজে দিতে পারেন। এ পদ্ধতি কাজে লাগিয়ে সহজেই মেসেঞ্জারে মুছে ফেলা বার্তা উদ্ধার করা সম্ভব।